

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইট: www.gsb.gov.bd  
ফেইসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর : ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯. ৫৭৩

১৪ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ  
২৬ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়:** বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম এর ৪৬ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ৪৬ তম সভা গত ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি: তারিখ, রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

## ২.০. আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্যসচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়নহীন উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিগত ৪৪ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। গত ০৮/০১/২০১৯ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের চীফ ইনোভেশন অফিসার মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর নির্দেশনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত সভার আলোচনা ২ এর সিদ্ধান্ত জ) মোতাবেক জিএসবি, বিপিআই, বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট, বিস্ফোরক পরিদপ্তর প্রভৃতি সংস্থার প্রতিনিধিগণকে নিয়ে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ২ দিন এবং ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। ইতোমধ্যে জিএসবি'র তিনজন কর্মকর্তা নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ২ দিনের প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং ৫ দিনের প্রশিক্ষণ আয়োজনের জন্য সংস্থাসমূহের মতামত গ্রহণের লক্ষ্যে সভা আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা করা হয়। ২০১৮-২০১৯ অর্থবছরে বাস্তবায়িতব্য উদ্ভাবনী উদ্যোগ 'জিএসবি'র কর্মকর্তা-কর্মচারিগণের দাপ্তরিক উপস্থিতি, অবস্থান এবং দপ্তর ত্যাগের সময় নিশ্চিতকল্পে ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রবর্তন' সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক কারিগরী বিনির্দেশ (Technical Specification) প্রস্তুত বিষয়ে আলোচনা করা হয়। বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন (ওয়ান মিনিট ভিডিও) ও প্রকাশনা তৈরির বিষয়ে আলোচনা করা হয়।


## ৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. জিএসবি, বিপিআই, বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট, বিস্ফোরক পরিদপ্তর প্রভৃতি সংস্থার প্রতিনিধিগণকে নিয়ে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ৫ দিনের প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে উক্ত সংস্থাসমূহের সাথে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২. 'জিএসবি'র কর্মকর্তা-কর্মচারিগণের দাপ্তরিক উপস্থিতি, অবস্থান এবং দপ্তর ত্যাগের সময় নিশ্চিতকল্পে ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রবর্তন' সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক কারিগরী বিনির্দেশ (Technical Specification) দ্রুততম সময়ের মধ্যে প্রস্তুত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩. বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন (ওয়ান মিনিট ভিডিও) ও প্রকাশনা তৈরির জন্য টিমের সদস্য জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

  
(সাইদুল হোসেন)  
পরিচালক (ভূতত্ত্ব)

সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

ফোনঃ ৫৮৩১২২১৬৮


E-mail: [hossain747@gmail.com](mailto:hossain747@gmail.com)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯. ৫৭৬

তারিখ: ১৪ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ  
২৬ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ২) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৩) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৪) জনাব খন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৫) জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৬) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৭) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯) নথিতে সংরক্ষণের জন্য।

  
(রাজিব কুমার সাহা)

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)

সদস্যসচিব






ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

E-mail: [rajibkumarsaha@hotmail.com](mailto:rajibkumarsaha@hotmail.com)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম বিষয়ক কমিটির ৪৬ তম সভা জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে নিম্নোক্ত সময় ও স্থানে অনুষ্ঠিত হয়।

সময়: অপরাহ্ন ১১.০০ ঘটিকা, স্থান: কক্ষ নং-৪২৯, তারিখ: ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি:, রোজ: সোমবার

ক্রম	নাম ও পদবী (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)	স্বাক্ষর
১	জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব)	
২	জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব)	 ২৫/০২/২০১৯
৩	জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন)	 ২৫/০২/২০১৯
৪	জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব)	
৫	জনাব জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব)	 ২৫.০২.২০১৯
৬	জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব)	 ২৫/০২/২০১৯